কুষ্টিয়ায় শান্তিপূর্ণ পরিবেশে চলছে হরতাল

কুষ্টিয়ায় শান্তিপূর্ণ পরিবেশে হরতাল চলছে। হরতাল চলাকালে ভোর থেকেই কুষ্টিয়া থেকে দূরপাল্লার সকল যানবাহন চলাচল বন্ধ রয়েছে। মহাসড়কে বাসের পাশাপাশি ট্রাক চলাচল চোখে পড়েনি। তবে সড়কের পাশে ট্রাক থামিয়ে ড্রাইভার ও হেলপারকে অলস সময় কাটাতে দেখা গেছে। শহরের গুরুত্বপূর্ণ মোডে পুলিশ মেতায়েন রয়েছে।

রোববার (২৯ অক্টোবর) সকাল থেকে চলছে হরতাল। সিএনজি, রিকশা ও অটোরিকশা চলাচল করলেও দূরপাল্লার এবং অভ্যান্তরীন সড়কেও কোনো বাস কুষ্টিয়া ছেড়ে যায়নি।

কুষ্টিয়া শহরের ব্যস্ততম মজমপুর, চৌড়হাস, কেন্দ্রীয় বাস টার্মিনাল, রেলগেট, এলাকা ঘুরে দেখা গেছে, বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা অবস্থান নিয়েছেন।

শহরের এনএস রোড ঘুরে দেখা গেছে, ব্যবসায়ীরা বেলা বাড়ার সাথে শহরের কিছু দোকানপাট খুলেছেন।

কুষ্টিয়া সড়ক পরিবহন গ্রুপ আন্ত:জেলা কাউন্টারের টিকেট বিক্রয়কর্মী বাবু বলেন, ‘কাউন্টার খোলা রয়েছে সকাল থেকে। তেমন যাত্রী দেখা যাচ্ছে না। যাত্রীরা ছোট ছোট যানবাহনে যাত্রা করছে। দুর পাল্লার কোন বাসও ছাড়া হয়নি।’

বাস চলাচল বন্ধ থাকায় সাধারণ মানুষের দুর্ভোগ বেড়েছে। দুরপার।লার যাত্রী সাধারন বাস না পেয়ে ফিেও যেতে দেখা গেছে। আবার অনেকেকে সিএনজি ও অটো রিকসায় যাতায়াত করতে দেখা গেছে।

এদিকে, হরতালে যেকোন ধরনের নাশকতা এড়াতে শহরে পুলিশ মোতায়েনসহ আইনশৃক্সখলা বাহিনীর কড়া পাহারা লক্ষ্য করা গেছে। নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর সমন্বয়ে র্যাব পুলিশ শহরে টহল দিচ্ছে।

ঝিনাইদহে হরতাল সমর্থনে বিএনপির মিছিল

সারা দেশে বিএনপির ডাকা সকাল-সন্ধ্যা হরতাল সমর্থনে ঝিনাইদহে মিছিল করেছে জেলা বিএনপি।

আজ সকালে বিএনপির পক্ষ থেকে শহরের নতুন হাটখোলা রাস্তা থেকে হরতালের সমর্থনে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। এতে জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন

এদিকে বিএনপি ও জামায়াতের ডাকা সকাল-সন্ধ্যা হরতাল ঢিলেঢালা ভাবে চলছে। তবে সকাল থেকে স্থানীয় ও দুরপাল্লার বাস ও ট্রাক চলাচল বন্ধ রয়েছে। কিন্তু অল্প কিছু ইজিবাইক ও সিএনজিতে চলাচল করছে মানুষ। এতে ভোগান্তিতে পড়তে হচ্ছে জনসাধারনেরা। সকাল থেকে দোকান-পাট বন্ধ থাকলেও বেলা বাড়ার সাথে সাথে দোকান খুলতে দেখা গেছে অনেকের।

ঝিনাইদহে বিএনপি-জামায়াতের হরতালের প্রতিবাদে মোটরসাইকেল শোডাউন

বিএনপি-জামায়াতের ডাকা হরতাল ও নৈরাজ্যের প্রতিবাদে ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে মোটরসাইকেল শোডাউন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে শহরের আওয়ামী লীগের পার্টি অফিস কার্যালয় থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিল্পকলার সামনে এসে শেষ

হয়ে সেখানে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদে সমাবেশ বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক, শফিকুল ইসলাম শিমুল, সাবেক জেলা ছাত্রলীগের সহ-সভাপতি, রবিউল ইসলাম রবি, সাবেক জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক, আশরাফুল আলম এছাড়া আরো অনেক নেতৃবৃন্দ।

প্রতিবাদে সমাবেশ বক্তার বলেন, বিএনপি-জামাতের রাজনীতি থেকে সাধারণ মানুষ মুখ ফিরিয়ে নিয়েছে। বিদেশি প্রভুদের কাছে ধন্না দিয়ে কোন ফল না পেয়ে হরতালের মতো সহিংস আন্দোলন তাঁরা বেছে নিয়েছেন। আমরা ঝিনাইদহ যুবলীগ বিএনপি-জামাতের সকল নৈরাজ্য প্রতিরোধে সবসময় রাজপথে অবস্থান করবো।

বাথটাব থেকে জনপ্রিয় অভিনেতার লাশ উদ্ধার

জনপ্রিয় সিরিজ ‘ফ্রেন্ডস’-এর অভিনেতা ম্যাথিউ পেরি আর নেই। লসঅ্যাঞ্জেলেসে নিজ অ্যাপার্টমেন্টের বাথটাব থেকে উদ্ধার করা হয়েছে তার লাশ। তার বয়স হয়েছিল ৫৪ বছর। একাধিক আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য।

সংবাদমাধ্যম পিপলকে লসঅ্যাঞ্জেলেস পুলিশ বিভাগের একটি সূত্র জানিয়েছে, পঞ্চাশোর্ধ এক ব্যক্তির মৃত্যুর খবর দিয়ে পেরির বাড়ি থেকে পুলিশ ডাকা হয়। তবে সেই সময় মৃত ব্যক্তির পরিচয় নিয়ে কিছু নিশ্চিত করা হয়নি। তবে এখনো পর্যন্ত সন্দেহজনক কোনো খবর নেই। পেরির বাড়ি থেকে সাহায্যের জন্য যে ফোন আসে সেখানেও প্রাথমিকভাবে কার্ডিয়াক অ্যারেস্টের কথা বলা হয়েছিল।

১৯৬৯ সালের ১৯ আগস্ট ম্যাসাচুসেটসের উইলিয়ামস টাউনে জন্মগ্রহণ করেন ম্যাথিউ পেরি। তিনি বেড়ে উঠেছেন কানাডার অটোয়াতে। কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে একই স্কুলে পড়েছেন তিনি। তার মা সুজান মরিসন ছিলেন একজন সাংবাদিক আর বাবা জন বেনেট পেরি ছিলেন একজন অভিনেতা।

তরুণ বয়সে লসঅ্যাঞ্জেলেসে থিতু হন পেরি। টেলিভিশনে ছোটখাটো চরিত্রে কাজ শুরু করেন। তিনি জনপ্রিয়তা পান ‘বয়েজ উইল বি বয়েজ’-এ অভিনয় করে। এতে তার চরিত্রের নাম ছিল রাসেল। এর পরই তিনি সুযোগ পান ‘ফ্রেন্ডস’ সিরিজে, যা তার পরিচিতি আরও বাড়িয়ে তোলে। এ ছাড়া আরও বেশ কিছু জনপ্রিয় সিরিজে দেখা গেছে তাকে।

ভারতের বিপক্ষে টস জিতে বোলিংয়ে ইংলিশরা

বিশ্বকাপে এখনো পর্যন্ত পাঁচ ম্যাচ খেলে চারটিতেই হেরেছে ইংল্যান্ড। ২ পয়েন্ট নিয়ে আছে তালিকার একেবারে তলানীতে। বর্তমান চ্যাম্পিয়নদের সেমিফাইনালে ওঠার আশাও কার্যত শেষ। ইংলিশদের এখন তাই নিজেদের মর্যাদা রক্ষার লড়াই। সে লক্ষ্যে আজ এবারের আসরে এখনো পর্যন্ত একমাত্র অপরাজিত দল ভারতের বিপক্ষে মাঠে নামছে থ্রী লায়ন্সরা।

লক্ষ্ণৌয়ের একানা স্টেডিয়ামে স্বাগতিকদের বিপক্ষে ম্যাচে টসে জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন ইংলিশ অধিনায়ক জস বাটলার।

ভারত একাদশ
রোহিত শর্মা (অধিনায়ক), শুভমান গিল, বিরাট কোহলি, শ্রেয়াস আইয়ার, লোকেশ রাহুল, সূর্যকুমার যাদব, রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, মোহাম্মদ সিরাজ, মোহাম্মদ শামি ও জাসপ্রিত বুমরাহ।

ইংল্যান্ড একাদশ
জনি বেয়ারস্টো, ডেভিড মালান, জো রুট, বেন স্টোকস, হ্যারি ব্রুক, জস বাটলার, ডেভিড উইলি, আদিল রশিদ, গাস অ্যাটকিনসন, মার্ক উড, রিস টপলি

মেহেরপুরে হরতালের সমর্থনে বিএনপির ঝটিকা মিছিল

কেন্দ্র ঘোষিত দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতালের সমর্থনে ঝটিকা মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ রবিবার দুপুর সাড়ে বারোটার দিকে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে থেকে মিছিলটি শুরু করে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পাশের একটি গলিতে গিয়ে শেষ হয়।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা ফজলুল হক, জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলামসহ শতাধিক নেতাকর্মী ঝটিকা মিছিলে অংশ নেন।

মেহেরপুরে যুবলীগের হরতাল বিরোধী মোটরসাইকেল শোডাউন

বিএনপির ডাকা দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতাল প্রতিরোধে মোটরসাইকেল শো-ডাউন করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

আজ রবিবার দুপুর বারোটার দিকে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে থেকে একটি মোটরসাইকেল শো ডাউন বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের নেতৃত্বে অন্যদের মধ্যে মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, যুবলীগ নেতা সোহেল রানা, ইয়ানুস আলী, সাইদুর রহমান উজ্জলসহ যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে ঢিলেঢালা হরতাল পালিত, বাস-লেগুনা বন্ধ

বিএনপির ডাকা সারাদেশে সকাল-সন্ধ্যা হরতাল ঢিলেঢালাভাবে পালিত হচ্ছে মেহেরপুরে। অন্যদিনের মতোই দোকানপাট খোলা হয়েছে এবং ব্যক্তিগত যানবাহন, রিক্সা, ইজিবাইকের মত যানবাহনগুলো স্বাভাবিকভাবে চলছে । হরতালে যে কোন ধরণের নাশকতা ঠেকাতে বিভিন্ন পয়েন্টে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

মেহেপুরের শহরের বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, অন্যান্য দিনের মত দোকানপাঠ খোলা রয়েছে। তবে কিছুটা সতর্ক অবস্থায় ব্যবসায়ীরা তাদের কার্যক্রম পরিচালনা করতে দেখা গেছে। তবে মোটরসাইকেল শোরুম, জুয়েলারি দোকানগুলো বন্ধ থাকতে দেখা গেছে।

মেহেরপুর বাসস্ট্যাণ্ড থেকে আন্ত:জেলা ও দুরপাল্লার কোন বাস বা লেগুলো ছেড়ে যায়নি। ফলে ইজিবাইক, রিক্সা,ভ্যান এবং ব্যক্তিগত গাড়ি পথচারীদের ভরসা হয়ে দাড়িয়েছে।

এবিষয়ে ইজিবাইক চালকরা বলেন, আজকে হরতাল থাকার সত্ত্বেও পেটের দায়ে আমাদের বাইরে বের হতে হচ্ছে। হরতালের ভয় করে তো লাভ নেই পেট তো আর বসে থাকবে না।

তারা আরো জানান, হরতালের কোনো ভয় নেই। আমরা নির্ভয়ে আমাদের কাজ করে যাবো। আমরা দেখতে পারছি মেহেরপুরের বিভিন্ন স্থানে পুলিশের একটি দল উপস্থিত আছে।

শনিবার নয়াপল্টনে বিএনপির সমাবেশে পুলিশি হামলার অভিযোগ এনে রোববার সারা দেশে সকাল-সন্ধ্যা হরতালের ঘোষণা দেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বিএনপির মহাসচিব ফখরুলকে আটক করেছে ডিবি

বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গুলশানের বাসা থেকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে আনা হয়েছে।
আজ রবিবার সকাল পৌনে ১০টার দিকে তাঁকে রাজধানীর মিন্টো রোডে অবস্থিত ডিবি কার্যালয়ে আনা হয়। এর আগে সকাল সাড়ে ৯টার পর তাঁকে বাসা থেকে তুলে নিয়ে যায় ডিবি পুলিশ।

নাম প্রকাশ না করার শর্তে ডিবির এক কর্মকর্তা বলেন, মির্জা ফখরুল ইসলামকে জিজ্ঞাসাবাদের জন্য ডিবি কার্যালয়ে আনা হয়েছে।

এর আগে বিএনপির মহাসচিবের আটকের বিষয়ে দলের চেয়ারপারসনের মিডিয়া উইংয়ের সদস্য শায়রুল কবির খান বলেন, সকাল ৯টার আগে থেকে মহাসচিবের গুলশানের বাসার সামনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা অবস্থান নেন।

সূত্র- কালের কণ্ঠ অনলাইন

মেহেরপুরে পাখির বাসা নিয়ে মধুর বিপাকে বাড়ি মালিক

পাখির প্রতি ভালোবাসা ও পাখিদের নীড় সংকটের কথা বিবেচনা করে পাখির নীড় রক্ষার্থে নির্মানাধীন ঘরের ছাউনির কাজ বন্ধ রেখেছেন এক পাখি প্রেমী মানুষ সোহাগ আলী।

জেলার গাংনী উপজেলার বামন্দী গ্রামের সোহাগ আলী বলেন, আমার বাড়ীর উঠানে থাকা একটি পেয়ারা গাছে মাস চারেক আগে এক জোড়া মুনিয়া পাখি বাসা বাধতে শুরু করে। অথচ পেয়ারা গাছের চার পাশে দুই ফিটের মত উচ্চতায় ইটের প্রাচীর নির্মাণের কাজ শেষ হয়ে গেছে। পাখি

দুটি গাছে আশ্রয় নেয়ার আগের দিনই গাছটি কেটে ফেলার কথা ছিলো। গাছটিতে পাখির আনাগোনা দেখে গাছটি কাটার সিধান্ত সাময়িক ভাবে বন্ধ রাখা হয়। এর কিছুদিন পরে ছোট্র সেই বাসাটিতে ছয়টি ডিম পেড়ে তা পাহারা দিতে শুরে করে পাখি গুলো। ডিম পাড়া দেখে পেয়ারা গাছের অংশের নির্মাণ কাজ সাময়িক ভাবে বন্ধ রাখা হয়। ডিম পাড়ার সপ্তাহ খানেক পরে শুরু হয় ঝড়ো বাতাসের সাথে বৃষ্টি। বাতাসের গতি বেশি থাকাই পাখির বাসাটি ডিম সহ মাটিতে পড়ে যায়। সেই বাসাটি আমি গাছটিতে উঠিয়ে একটি প্লাস্টিকের ছোট ঝড়িতে রাখতেই এর কিছুক্ষণের মধ্যে পাখি দুটি সেই ঝুড়িতে থাকা বাসাটিতেই আশ্রয় নেই এবং এর সপ্তাহ দেড়েক পরে বাসাটিতে চারটি ছানা জন্ম নেই। তারা ধিরে ধিরে বড় হতে থাকে,আবার একটা সময় উড়তে গিয়ে বাসা থেকে মাটিতে পড়ে যেত আমি পুনরায় বাসাটিতে উঠিয়ে দিতাম। এভাবেই চলতে চলতে পাখি গুলো বাসাটি ছেড়ে অন্যথায় চলে যায়।

সপ্তাহ খানেক হয়েছে আমার সেই নির্মাণাধিন ঘরের লিংটেন ঢালাইয়ের কাজ শেষ হয়েছে তবে গাছটি এখনো সে ভাবেই রয়ে গেছে। সেই গাছটি আজ কেটে ফেলে তার উপর দিয়ে টিনের ছাউনি দেয়ার কথা ছিলো। তবে সকালের দিকে গাছটির কাছে গিয়ে দেখি, পূনরায় আবার দুটি মুনিয়া পাখি এসে নতুন করে বাসা বাধতে শুরু করেছে।

আজ রবিবার আমার নির্মাণাধীন ঘরের ছাউনির জন্য মিস্ত্রি এসেছে অথচ তাদের দিয়ে আমার ছাউনির কাজ না করে ফেরত পাঠালাম। শুধু পাখিদের কথা ভেবে। কেননা আমি পাখির বাসা ভেঙে নিজের বাসা তৈরি করবো এটা সম্ভব না।

মেহেরপুর বার্ড ক্লাবের সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক বলেন,একটা সময় ছিলো আমাদের বাসা বাড়ির আঙিনায় ও ছোট গাছ পালায় পাখিরা বাসা বাধতো। আধুনিক সময়ে গাছ পালা কেটে ফেলাসহ পুরানো খড়ের ঘর থেকে ইট পাথরের তৈরি দালান গড়ে ওঠাই অনেক পাখি তাদের বসবাসের জায়গা পরিবর্তন করতে বাধ্য হয়েছে। আর বতর্মানে এখনো অনেক পাখি আছে জারা এসে বসবাসরত মানুষের বাড়ির ওঠানে থাকা ছোট গাছ পালাই বাসা বাধছে।

তিনি বলেন, এটির আরেকটি কারন হচ্ছে সড়কের পাশে থাকা গাছপালাসহ বনায়ন কমে যাওয়ায় তারা এসে ঝুঁকি নিয়ে এসব ছোট ছোট গাছে আশ্রয় নিচ্ছে। আমাদের উচিৎ তাদের বিরক্ত না করে তাদের বাসস্থানের নিরাপদ নিশ্চিত করা। তাহলে তাদের সংখ্যা বৃদ্ধি পাবে। আর প্রানীকুলের প্রানীরা মুলত আমাদের পরিবেশের ভারসাম্য বজায় রাখে।

এক সময় এ অঞ্চলে বাবলা গাছ ব্যাপক আকারে পাওয়া যেতো মুলত বাবলা গাছে থাকা পোকামাকড় ছিল এসব বিলুপ্ত প্রায় মুনিয়া পাখির প্রিয় খাবার। এবং বাসা বানানোর জন্য পছন্দের। অথচ এ অঞ্চলে বাবলা গাছ এখন বিলুপ্ত প্রায়। তাছাড়া মেহেরপুর জেলার সড়ক উন্নয়নের কাজের জন্য নির্বিঘ্নে কাটা হয়েছে লক্ষাধিক গাছ।